যুগান্তর

তারিখ ... 14 JAN 2016 ...
পৃষ্ঠা ... ২০ ... কলাম ... ৬ ...

# ৩৫তম বিসিএস লিখিত পরীক্ষার ফল প্রকাশ

বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকম

৩৫তম বিসিএসের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন ৬ হাজার ৮৮ জন চাকরি প্রত্যাশী। যাদের এবার মৌখিক পরীক্ষার মুখোমুখি হতে হবে। মৌখিক পরীক্ষা শুরু হবে ৩১ জানুয়ারি। এ বিসিএসের মাধ্যমে বিভিন্ন ক্যাডারে ১ হাজার ৮০৩টি পদে নিয়োগ দেয়ার কথা রয়েছে।

সরকারি কর্মকমিশনের (পিএসসি) জনসংযোগ কর্মকর্তা ডায়ানা ইসলাম সীমা জানান, কমিশনের ওয়েবসাইটে লিখিত পরীক্ষার ফল পাওয়া যাবে। ২০১৪ সালের ২৩ সেপ্টেম্বর পিএসসি ৩৫তম বিসিএসের বিজ্ঞপ্তি প্রকাশ করে। গত বছরের ৬ মার্চ ২ লাখ ৪৪ হাজার ১০৭ জন আবেদনকারী প্রিলিমিনারি পরীক্ষায় অংশ নেন। প্রিলিমিনারিতে উত্তীর্ণ ২০ হাজারের বেশি সরকারি চাকরিপ্রত্যাশী অংশ নেন লিখিত পরীক্ষায়, যা গত বছরের ১ সেপ্টেম্বর থেকে শুরু হয়।

এসব পদের বাইরে ৩৪তম বিসিএসে কারিগরি ও পেশাগত ক্যাডারে কোটার

প্রকাশ : পৃষ্ঠা ১৯ : কলাম ৮

## প্রকাশ : পরীক্ষার ফল

(শেষ পৃষ্ঠার পর)

বিপরীতে ৬৭২টি শূন্যপদেও ৩৫তম বিসিএস থেকে নিয়োগ দেয়ার সিদ্ধান্ত হয়েছে মন্ত্রিসভায়। কোটার বিপরীতে কারিগরি ও পেশাগত ক্যাডারে যোগ্য লোক না পাওয়া গেলে এ বিসিএসেও কোটা শিথিল থাকবে।